

শ্রীমঙ্গল উপজেলা পরিষদের স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিষয়ক স্থায়ী কমিটির জুলাই-আগস্ট/২৩ সভার কার্যবিবরণীঃ

তারিখ : ২৭/০৭/২০২৩ ইং।

সময় : ১১.৩০ মিনিট।

সভার স্থানঃ সভাপতির অফিস কক্ষ, উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।

সভাপতি : মোহাম্মদ লিটন আহমেদ, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্রীমঙ্গল, মৌলভীবাজার।

সভায় উপস্থিত সদস্য বৃন্দের স্বাক্ষরের ক্রমানুসারে নামের তালিকা পরিশিষ্ট “ক” তে দ্রষ্টব্য।

সভাপতি উপস্থিত সদস্য বৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। কোন পরিবর্তন বা সংশোধনী না থাকায় দৃঢ়ীকরণ করা হয়। অতঃপর সভাপতি অত্র কমিটির সদস্য সচিব কে সভার বিষয় বস্তু সম্পর্কে আলোচনার জন্য অনুরোধ জানান। উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ অফিসার সভায় বিভাগীয় কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন উপস্থাপন করেন। যা নিম্নে বিস্তারিত উল্লেখ করা হলো।

০১। বিভাগীয় কার্যক্রম :

সভার শুরুতে সদস্য সচিব তাঁর সংক্ষিপ্ত বক্তব্যে জানান, করোনা কালীন সময়েও শ্রীমঙ্গল উপজেলার স্বাস্থ্য বিভাগের কর্মকর্তা বৈশ সন্তোষজনক। হাসপাতাল, কমিউনিটি ক্লিনিক ও ইপিআই কার্যক্রম সুন্দর ভাবে চলছে। সেই সাথে সন্দেহজনক টিবি রোগী সনাক্তকরণ, রোগ নির্ণয়, চিকিৎসা ও পরামর্শ প্রদান অত্যন্ত সফলতার সাথে শ্রীমঙ্গল উপজেলায় সম্পন্ন হয়ে আসছে। তিনি আরও জানান যে, উপজেলায় কমিউনিটি ক্লিনিক থেকে সেবা প্রাপ্ত রোগীর সংখ্যা অনবরত বাড়ছে। সেই সাথে সেবার মান বৃদ্ধি পাচ্ছে ও নরমাল ডেলিভারী কার্যক্রম অব্যাহত আছে। সভাপতি মহোদয়, উক্ত কার্যক্রমের সার্বিক সন্তোষ প্রকাশ করেন।

০২। বিবিধ :

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।



২৭/০৭/২০২৩
(মোহাম্মদ লিটন আহমেদ)

ভাইস চেয়ারম্যান

ও

সভাপতি

স্বাস্থ্য ও পঃ পঃ বিষয়ক স্থায়ী কমিটি
শ্রীমঙ্গল, মৌলভীবাজার